



হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর  
**৪৩ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন**

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) প্রতি বছরের ন্যায় এ বছরও যথাযোগ্য মর্যাদায় জাতির পিতার শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করবে। দিনটি পালন উপলক্ষ্যে পিডিবিএফ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৫ সালের ১৫ আগস্ট ঘাতকের নির্মম বুলেটে স্ব-পরিবারে শাহাদত বরণ করেন। শোকাবেহ এই আগস্টের বিষাদময় স্মৃতি ভারে পিডিবিএফ পরিবার শোকাহত। এই শোককে শক্তিতে পরিণত করার অঙ্গীকার নিয়ে পিডিবিএফ জাতির পিতার ৪৩ তম শাহাদত বার্ষিকী পালন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

১৫ আগস্ট, ২০১৮ তারিখ বুধবার দিনের কর্মসূচির মধ্যে রয়েছে-

- ◆ দিনের শুরুতে পিডিবিএফ এর প্রধান কার্যালয়সহ প্রতিটি কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে;
- ◆ সকাল ৭:০০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ;
- ◆ সকাল ৮:০০ ঘটিকা থেকে পিডিবিএফ, প্রধান কার্যালয়ের ৬ষ্ঠ তলায় নামজ আদায়ের স্থানে পবিত্র কোরআন খতম;
- ◆ সকাল ১০:৩০ ঘটিকায় পিডিবিএফ, প্রধান কার্যালয়ের ৫ম তলা প্রশিক্ষণ হলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর বর্ণাঢ্য কর্মময় জীবনের উপর আলোচনা অনুষ্ঠান;
- ◆ দুপুর ১২:০০ ঘটিকায় পিডিবিএফ, প্রধান কার্যালয়ের ৫ম তলা প্রশিক্ষণ হলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শাহাদত বরণকারী সদস্যদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া, মিলাদ মাহফিল অনুষ্ঠিত হবে।